# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, দিনাজপুর বোর্ড -২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট                                                                 মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ জমিদার হাশেম আলীর মৃত্যুর পর তার স্ত্রী সন্তানদ্বয়ের উপর দায়িত্ব বণ্টন করে দেন। তিনি তার নিজপুত্র খালেদের উপর রাজস্ব আদায় ও প্রতিরক্ষার দায়িত্ব এবং সৎপুত্র সামাদের উপর শাসন ও বিচার বিভাগের দায়িত্ব ন্যস্ত করেন।

ক. বাংলায় স্বাধীন সুলতানি শাসনের অবসান ঘটে কত সালে? ১

খ. ঔপনিবেশিক শাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনাটি কোন ঐতিহাসিক ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ঐতিহাসিক ঘটনার ফল ছিল সুদূরপ্রসারী— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. ▶ দৃশ্যপট-১: ৭ই মার্চ এলে বাংলার ঘরে ঘরে যেন উৎসবের সাড়া পরে যায়। আকাশে বাতাসে ধ্বনিত হতে থাকে একটি কণ্ঠের ধ্বনি "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"

দৃশ্যপট-২: দেশকে স্বাধীন করার লক্ষ্যে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে ১৯৭১ সালের ১০ই এপ্রিল একটি সরকার গঠিত হয়। এ সরকারের সদস্যগণ ১৯৭১ সালের ১৭ই এপ্রিল শপথ গ্রহণ করেন।

ক. মুজিবনগর সরকারের পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান কে ছিলেন? ১

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধকে গণযুদ্ধ বলা হয় কেন? ২

গ. দৃশ্যপট-১ এর বিষয়টি বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে কীরূপ প্রভাব ফেলেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যপট-২ এর সরকারের গৃহীত সকল কার্যক্রম ছিল সময়োপযোগী— বিশ্লেষণ করো। ৪

৩. ★ দৃশ্যপট-১: মল্লিকা সোনা মসজিদ বেড়াতে গিয়ে মসজিদের দেয়ালে অনেক পোড়ামাটি ও পাথরের কাজ দেখল। সেখান থেকে ফেরার পথে বারোঘরিয়া নামক স্থান থেকে কারুকাজ করা মাটির থালাবাসন ও ফুলদানি কিনলো।

https://teachingbd24.com

দৃশ্যপট-২: বস্ত্রমেলায় সোফিয়া দেখল একটি দোকানে সিল্ক ও জামদানি শাড়ী, নকশিকাঁথা বিক্রি হচ্ছে। সেখানে বেশ কিছু বিদেশিকে ঐ পণ্যগুলি কিনতে দেখল।

ক. আদিম সমাজ কেমন ছিল? ১

খ. সাংস্কৃতায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে দৃশ্যপট-১ এ দৃশ্যশিল্পের যে দিকটি ফুটে উঠেছে তা পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. বাঙালির সংস্কৃতি বিকাশে দৃশ্যপট-২ এর শিল্পকর্মের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**৪.** ▶ বাংলাদেশের আনাচে কানাচে অনেক প্রত্নতত্ত্বের নিদর্শন ছড়িয়ে আছে। এগুলোর মধ্যে ইংরেজ নির্মমতার সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে আন্টাঘর ময়দান। আবার ঐতিহ্যের স্মারক হিসেবে আছে মসলিন জামদানি, বিখ্যাত পানাম নগর। যেগুলি আমাদের ঐতিহ্যের ও সংস্কৃতির ইতিহাস।


ক. ডরিক রীতি অনুসৃত হয় কোন স্থাপত্যে? ১

খ. প্রত্নতাত্ত্বিক নিদর্শনের অবদান ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ইংরেজ নির্মমতার সাথে সম্পর্কিত ঐতিহাসিক ঘটনাটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রত্নসম্পদগুলি আমাদের ইতিহাস ও ঐতিহ্যের স্মারক ও বাহক, তাই এগুলো যথাযথ সংরক্ষণ করা প্রয়োজন— বিশ্লেষণ করো। ৪

**৫.** ★




ক. সামাজিকীকরণের প্রথম ও প্রধান বাহন কোনটি? ১

খ. অঙ্গীভূতকরণ বলতে কী বোঝায়? ২

গ. সামাজিকীকরণে ১নং মাধ্যমটির ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. ২নং মাধ্যমটি সামাজিকীকরণে অনেক সময় নেতিবাচক প্রভাব ফেলে। —বিশ্লেষণ করো। ৪

**৬.** ★ ঘটনা-১: মাহফুজ দারিদ্র্যের কারণে পড়াশোনা শেষ না করেই স্থানীয়ভাবে প্রশিক্ষণ দিয়ে দুবাই চলে যায়। সে প্রতি মাসে দেশে টাকা পাঠায়, যা তার পরিবারকে সচ্ছলতা এনে দিয়েছে।

ঘটনা-২: পড়াশোনা শেষে চাকরি না পেয়ে আলতাফ চুপ করে বসে থাকেনি। সে তার গ্রামের কয়েকজন বন্ধু মিলে মুরগির ফার্ম, মৎস্য খামার ও নার্সারি গড়ে তুলেছে।

https://teachingbd24.com

ক. কোনো দেশের জনপ্রতি বার্ষিক আয়কে কী বলে? ১
খ. মানবসম্পদ বলতে কী বোঝায়? ২
গ. আলতাফের কাজ আমাদের জাতীয় অর্থনীতিতে যে খাতকে ইঙ্গিত করেছে তার অবদান ব্যাখ্যা করো। ৩
ঘ. মাহফুজের মতো প্রবাসীদের প্রেরিত অর্থ দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। — যুক্তি সহকারে বিশ্লেষণ করো। ৪

৭. জনাব মারেফুল কুষ্টিয়া শহর এলাকার একজন নির্বাচিত চেয়ারম্যান। নির্বাচিত হয়ে তিনি এলাকায় ভেজালমুক্ত খাদ্য বিক্রি নিশ্চিত এবং পরিবেশ রক্ষায় ব্যবস্থা গ্রহণ করেন। অতঃপর তিনি এলাকার উন্নয়নের জন্য নানাবিধ ব্যবস্থা গ্রহণ করেন। উদার, কর্মঠ, সৎ ও সাহসী চেয়ারম্যানকে নির্বাচিত করতে পেরে তার এলাকার লোকজন গর্বিত।


ক. বাংলাদেশের আইনসভার নাম কী? ১
খ. সরকারকে রাষ্ট্র পরিচালনার চালিকাশক্তি বলা হয় কেন? ২
গ. মি: মারেফুল যে স্থানীয় সরকারের প্রধান সেটির গঠন ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কাজগুলি কি মি. মারেফুলের একমাত্র কাজ? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮.




ক. এইচএফসির পূর্ণরূপ কী? ১
খ. বাংলাদেশ দুর্যোগপ্রবণ দেশ কেন? ২
গ. উদ্দীপকে 'Z' এর করণীয় কাজ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে 'X' এর কাজ প্রাণহানি ও ক্ষয়ক্ষতি কমাতে সক্ষম— মতামত দাও। ৪

৯.




Teachingbd24.com

https://teachingbd24.com

ক. জনসংখ্যানীতি কী? ১
খ. জনসংখ্যার সাথে জনসম্পদের সম্পর্ক ব্যাখ্যা করো। ২
গ. জনসংখ্যা নিয়ন্ত্রণে উদ্দীপকে যে ধরনের উদ্যোগ দেখানো হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. জনসংখ্যা নিয়ন্ত্রণে উপরে উল্লেখিত উদ্যোগটি যথেষ্ট নয়— বিশ্লেষণ করো। ৪

১০. ▶



ওয়ানগালা উৎসব

ক. সাঁওতালরা কোন নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর লোক? ১
খ. 'পানিখেলা' কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের চিত্রে যে নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর পরিচয় পাওয়া যায় তাদের সাংস্কৃতিক জীবন ব্যাখ্যা করো। ৩
ঘ. সাঁওতালদের ধর্মীয় জীবন উদ্দীপকের নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর ধর্মীয় জীবন থেকে আলাদা ধরনের— বিশ্লেষণ করো। ৪

১১. ★

| A | B |
|---|---|
| প্রতিষ্ঠিত : ১৯৪৬ সাল<br>সদর দপ্তর : ফ্রান্সের প্যারিস | প্রতিষ্ঠিত : ৭ এপ্রিল ১৯৪৮ সাল<br>সদর দপ্তর : সুইজারল্যান্ডের জেনেভা |

ক. FAO এর সদর দপ্তর কোথায়? ১
খ. UNFPA এর কার্যক্রম ব্যাখ্যা করো। ২
গ. ছকে নির্দেশিত B সংস্থাটি সম্পর্কে ব্যাখ্যা দাও। ৩
ঘ. বাংলাদেশে ছকে উল্লিখিত A সংস্থাটির অবদান বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ সম্রাট অশোক বাংলার উত্তরাংশ দখল করেন কখন?
ক) খ্রিষ্টপূর্ব দ্বিতীয় শতকে
খ) খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকে
গ) খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকে
ঘ) খ্রিষ্টপূর্ব সপ্তম শতকে

২. ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্য হলো—
i. চিরস্থায়ী শাসন প্রতিষ্ঠা করতে না আসা
ii. নিজ দেশে ধনসম্পদ পাচার করা
iii. অলাভজনক মনে হলে নিজ দেশে ফিরে যাওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩. ★ ডা. মালিকের মন্ত্রিসভার কার্যকাল ছিল—
ক) ১৪ সেপ্টেম্বর হতে ১৪ নভেম্বর
খ) ১৭ সেপ্টেম্বর হতে ১৪ নভেম্বর
গ) ১৪ সেপ্টেম্বর হতে ১৪ ডিসেম্বর
ঘ) ১৭ সেপ্টেম্বর হতে ১৪ ডিসেম্বর

৪. মুক্তিযুদ্ধ চলাকালীন জাতিসংঘে কতটি দেশের প্রতিনিধি বাংলাদেশের সমস্যা নিয়ে আলোচনা করে?
ক) ৪৭টি খ) ৪৯টি
গ) ৫৭টি ঘ) ৬৩টি

৫. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কতজন ভারতীয় অফিসার ও জোয়ান প্রাণ বিসর্জন দেন?
ক) তিন হাজার খ) চার হাজার
গ) পাঁচ হাজার ঘ) ছয় হাজার

৬. ★ সংস্কৃতির পরিবর্তনশীলতার কারণ কয়টি?
ক) ৫টি খ) ৪টি
গ) ৩টি ঘ) ২টি

৭. ঘনরাম রচিত কাব্য কাহিনী কোনটি?
ক) চণ্ডীমঙ্গল খ) ধর্মমঙ্গল
গ) অন্নদামঙ্গল ঘ) মনসামঙ্গল

৮. প্রত্নসম্পদ বলতে বোঝায়—
i. পুরানো স্থাপত্য শিল্পকর্ম
ii. প্রাচীন আমলের মুদ্রা
iii. বিশ্বাস ও সংস্কার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. ★ যুদ্ধের সময় আফসার ব্যাটালিয়ন কোন এলাকায় গড়ে ওঠে?
ক) সিরাজগঞ্জ ও পাবনা
খ) ভালুকা ও ময়মনসিংহ
গ) গোপালগঞ্জ ও বরিশাল
ঘ) মানিকগঞ্জ ও মাগুরা

১০. গ্রিক সমাধি সৌধটি কত সালে নির্মিত?
ক) ১৮৯৫ সালে খ) ১৯১৫ সালে
গ) ১৯২৫ সালে ঘ) ১৯৩৫ সালে

১১. শৈশব থেকে ব্যক্তিত্বকে প্রভাবিত করে কোনটি?
ক) স্থানীয় সমাজ খ) অভিভাবন
গ) অঙ্গীভূতকরণ ঘ) ভাষা

১২. বাংলাদেশে আয়ভিত্তিক বৈষম্যের হার কত?
ক) ১১.৬% খ) ১৫.১%
গ) ২৫.৯% ঘ) ২৮.৩%

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩-১৪নং প্রশ্নের উত্তর দাও:
তৌহিদ দেশে প্রশিক্ষণ নিয়ে মধ্যপ্রাচ্যের একটি দেশে চাকুরি নিয়ে চলে যায়। সেখান থেকে তার অর্জিত আয়ের একটি অংশ ব্যাংকের মাধ্যমে তার পরিবারের কাছে পাঠায়।

১৩. তৌহিদের শ্রম বা মেধা দিয়ে দেশের উন্নয়নে অবদান রাখায় তৌহিদকে কী বলা যাবে?
ক) মানবসম্পদ খ) শ্রমজীবী
গ) পেশাজীবী ঘ) স্বাবলম্বী

১৪. তৌহিদের টাকা পাঠানোর কারণে বাংলাদেশে বাড়ছে—
i. জীবনযাত্রার মান
ii. অর্থনীতির সূচক
iii. মাথাপিছু আয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. বাংলাদেশ সরকারের সরকার প্রধান কে?
ক) রাষ্ট্রপতি খ) প্রধানমন্ত্রী
গ) স্পিকার ঘ) মন্ত্রিপরিষদ সচিব

https://teachingbd24.com

১৬. ★ সুশাসনের নিয়ামক কোনটি?
ⓚ ব্যক্তিগত স্বার্থপরতা
ⓛ আইনের শাসন প্রতিষ্ঠা
ⓜ স্বজনপ্রীতি
ⓝ দুর্নীতি

১৭. ★ সরকার পরিচালনায় কোনটি নিশ্চিত করা প্রয়োজন?
ⓚ ব্যক্তিস্বার্থ ⓛ ব্যক্তি অধিকার
ⓜ জবাবদিহিতা ⓝ আত্মনির্ভরশীলতা

১৮. জনসংখ্যা নিয়ন্ত্রণে সচেতনতামূলক কার্যক্রম কোনটি?
ⓚ টিকাদান ⓛ স্বাস্থ্যসেবা
ⓜ পোস্টার ⓝ সিনেমা

১৯. ★ জাতীয় জনসংখ্যা দিবস কোনটি?
ⓚ ২রা ফেব্রুয়ারি ⓛ ২রা মার্চ
ⓜ ২রা এপ্রিল ⓝ ২রা মে

২০. বাংলাদেশে কিশোর অপরাধীদের বয়স সীমা কত বছর?
ⓚ ৭-১৬ ⓛ ৭-১৮
ⓜ ১৪-১৮ ⓝ ১৪-২০

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১-২২নং প্রশ্নের উত্তর দাও:**
পরিবেশ সংক্রান্ত সেমিনারে এক বক্তা বলেন, "কলকারখানা ও গাড়ির কালো ধোঁয়া, পারমাণবিক বর্জ্য, জ্বালানি, গ্যাস, ফ্রিজ, এসি, রাসায়নিক সার, কীটনাশক ব্যবহার, বন উজাড়করণ ইত্যাদির কারণে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে।"

২১. উদ্দীপকটির প্রভাব হচ্ছে—
i. ভারসাম্যহীন পরিবেশ সৃষ্টি হবে
ii. সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাবে
iii. ভূমির উর্বরতা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓜ i ও ii ⓝ i, ii ও iii

২২. উক্ত তাপমাত্রা বৃদ্ধির কারণ—
i. বিলাসদ্রব্যের ব্যবহার
ii. ব্যাপক নগরায়ণ
iii. অধিক জীবাশ্ম জ্বালানির ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৩. ★ বর্তমানে বাংলাদেশে কয়টি চিনি কল আছে?
ⓚ ১০ ⓛ ১৫
ⓜ ১৭ ⓝ ২০

২৪. মাদকাসক্তদের প্রভাবে কারা বেশি ক্ষতিগ্রস্ত হয়?
ⓚ পরিবারের সদস্যরা
ⓛ বিদ্যালয়ের সহপাঠীরা
ⓜ পাড়া প্রতিবেশীরা
ⓝ সমাজ ও রাষ্ট্র

২৫. মানেকার পরিবার হচ্ছে পিতৃসূত্রীয়, তাদের প্রধান জীবিকা কৃষি এবং তারা দুটি ধর্মের অনুসারী। মানেকা কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
ⓚ চাকমা ⓛ গারো
ⓜ সাঁওতাল ⓝ মারমা

২৬. ★ গারোদের প্রধান উৎসব কী?
ⓚ সোহরাই ⓛ ওয়ানগালা
ⓜ বিজু ⓝ পানিখেলা

২৭. বাংলাদেশে ২০১৪-১৫ অর্থবছরে সাদা সোনা নামক সম্পদটির উৎপাদন কত ছিল?
ⓚ ২.২৭ লক্ষ মেট্রিক টন
ⓛ ২.২৯ লক্ষ মেট্রিক টন
ⓜ ২.৩১ লক্ষ মেট্রিক টন
ⓝ ২.৪৩ লক্ষ মেট্রিক টন

২৮. শিল্পের বিকাশে প্রধান ভূমিকা রয়েছে—
i. উদ্যোগ ও পুঁজি
ii. গবেষণা ও অভিজ্ঞতা
iii. বিনিয়োগ ও আমন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓜ i ও ii ⓝ i, ii ও iii

২৯. কত সাল থেকে ইউনিসেফ নিয়মিতভাবে এদেশের মা ও শিশুর উন্নয়নে কাজ করছে?
ⓚ ১৯৪৬ ⓛ ১৯৫০
ⓜ ১৯৫১ ⓝ ১৯৭৭

৩০. যৌথ বাহিনীর সর্বাধিনায়ক কে ছিলেন?
ⓚ কর্নেল এম. এ. জি. ওসমানী
ⓛ লে. জেনারেল জগজিৎ সিং আরোরা
ⓜ জেনারেল সাম মানেকশ
ⓝ কর্নেল (অব.) আব্দুর রব

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓛ | ২ | ⓜ | ৩ | ⓝ | ৪ | ⓚ | ৫ | ⓛ | ৬ | ⓚ | ৭ | ⓛ | ৮ | ⓚ | ৯ | ⓛ | ১০ | ⓛ | ১১ | ⓝ | ১২ | ⓝ | ১৩ | ⓚ | ১৪ | ⓝ | ১৫ | ⓛ |
| ১৬ | ⓛ | ১৭ | ⓜ | ১৮ | ⓜ | ১৯ | ⓚ | ২০ | ⓚ | ২১ | ⓜ | ২২ | ⓚ | ২৩ | ⓜ | ২৪ | ⓚ | ২৫ | ⓜ | ২৬ | ⓛ | ২৭ | ⓚ | ২৮ | ⓜ | ২৯ | ⓝ | ৩০ | ⓜ |

Teachingbd24.com